দৈনিক ইত্তেফাক

FEB. 12 2002

তারিখ ...
পৃষ্ঠা ...২... কলাম ... ...

# আজ শিক্ষা সপ্তাহ শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ মঙ্গলবার জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু হবে। এ উপলক্ষে প্রেসিডেন্ট অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পৃথক বাণী প্রদান করেছেন। প্রেসিডেন্টের বাণীতে বলা হয়, আধুনিক বিশ্বের আলোচিত সভ্যতার সমকক্ষতা অর্জনে বাংলাদেশ অঙ্গীকারাবদ্ধ। জ্ঞান, দক্ষতা এবং কারিগরি শিক্ষায় বিশ্বমানে উত্তরণের মাধ্যমে দেশের বিশাল জনগোষ্ঠীকে সেই সমকক্ষতা অর্জন করতে হবে। প্রধানমন্ত্রীর বাণীতে বলা হয়, শিক্ষা জাতির মেরুদন্ড, আমাদের উন্নয়নের মূল চালিকা শক্তি। জনগণের অর্থনৈতিক মুক্তি ও কল্যাণ, জীবনের মানোন্নয়ন এবং সর্বোপরি জাতীয় সমৃদ্ধি আমাদের রাজনৈতিক অঙ্গীকার। এ অঙ্গীকার বাস্তবায়নে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

আজ সকাল ৯টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে শিক্ষা সপ্তাহের উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক। ১৪ই ফেব্রুয়ারী একই মিলনায়তনে শিক্ষা সপ্তাহের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।